হামলা-অগ্নিসংযোগ বন্ধ না হলে কঠোর সিদ্ধান্তের ইঙ্গিত: জামায়াত আমির



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

দেশের বিভিন্ন স্থানে ১১ দলীয় নির্বাচনি ঐক্যের নেতাকর্মী ও সমর্থকদের ওপর হামলা এবং বাড়িঘরে অগ্নিসংযোগের ঘটনায় তীব্র উদ্বেগ প্রকাশ করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামি-এর আমির ডা. শফিকুর রহমান। এসব ঘটনা অবিলম্বে বন্ধ না হলে জোটকে কঠোর সিদ্ধান্ত নিতে হতে পারে বলে সতর্ক করেছেন তিনি।

শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) রাতে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি বলেন, দেশের নানা জায়গায় জোটের কর্মী-সমর্থক, এজেন্ট ও ভোটারদের লক্ষ্য করে হামলা চালানো হচ্ছে। কোথাও ব্যক্তিগতভাবে আক্রমণ, কোথাও বাড়িতে আগুন ধরিয়ে দেওয়ার মতো ঘটনা ঘটছে। তার ভাষায়, এসব কর্মকাণ্ড গণতান্ত্রিক চর্চার পরিপন্থী এবং ভয়ভীতির রাজনীতির বহিঃপ্রকাশ।

তিনি আরও বলেন, যে প্রেক্ষাপটে ২০২৬ সালের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে, তার পরও যদি সহিংসতার একই ধারা অব্যাহত থাকে, তবে তা জাতির জন্য অশনি সংকেত। যারা এসব ঘটনার সঙ্গে জড়িত, তাদেরই পূর্ণ দায়ভার নিতে হবে বলে মন্তব্য করেন তিনি।

সংখ্যাগরিষ্ঠ আসন পাওয়া দলগুলোর প্রতি ইঙ্গিত করে জামায়াত আমির বলেন, সরকার গঠনের দাবি যাদের, দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা তাদের দায়িত্ব। বর্তমান পরিস্থিতি সে দায়িত্ব পালনের ইতিবাচক বার্তা দিচ্ছে না বলেও মন্তব্য করেন তিনি।

সবশেষে তিনি হুঁশিয়ার করে বলেন, সহিংসতা অব্যাহত থাকলে ১১ দলীয় ঐক্য জোট নীরব থাকবে না; প্রয়োজন হলে তারা পরবর্তী করণীয় নির্ধারণ করবে।